

মুক্তাগাছা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারকনং-৪৭.৬২.৬১৬৫.১০০.২৮.০১৫.১৯.৩২৬

তারিখ-০১-১২-২০১৯খ্রিঃ।

“ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সংক্রান্ত বিশেষ সাধারণ সভার নোটিশ”

এতদ্বারা মুক্তাগাছা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সদস্য সমিতির অবগতির জন্য জানানো যাইতেছে যে, গত ১৭-১১-২০১৯খ্রিঃ তারিখে মুক্তাগাছা ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৫-০২-২০১৯ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত গোপন ব্যালটের মাধ্যমে বিরতিহীন ভাবে সমবায় সমিতি আইন/২০০১, সংশোধিত আইন/২০০২ ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ধারা ও বিধি মোতাবেক বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন মুক্তাগাছা ইউসিসিএ লিঃ এর হলরুমে অনুষ্ঠিত হইবে। মুক্তাগাছা ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে সমগ্র নির্বাচনী এলাকা হইতে ০১ জন সভাপতি ও ০১ জন সহসভাপতি এবং ০৬টি নির্বাচনী এলাকা হইতে ০১জন করিয়া মোট ০৮ (আট) জন সদস্য নির্বাচিত হইবেন। মুক্তাগাছা ইউসিসিএ লিঃ এর নির্বাচনে ভোট প্রদানসহ প্রতিদ্বন্দ্বীতা করার জন্য প্রত্যেক সমিতি হইতে বৈধ কমিটির সিদ্ধান্তের মাধ্যমে ০১(এক)জন প্রতিনিধি মনোনীত করে মনোনীত সদস্যের পাসপোর্ট সাইজের ছবি ১কপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ আগামী ৩১-১২-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ে প্রেরণ করতঃ প্রতিনিধিগনকে বিশেষ সাধারণ সভায় উপস্থিত থাকিয়া নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতাসহ ভোট প্রদানের জন্য অনুরোধ জানানো হইল। উল্লেখ্য, খসড়া ভোটার তালিকায় কোন আপত্তি থাকিলে আগামী ১৫-১২-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে এবং নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী জানার প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

শর্তাবলী:

- ১। সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকিলে (নির্বাচিত/অন্তর্ভুক্ত) সেই সমিতি বিশেষ সাধারণ সভায় অংশ গ্রহণ, নির্বাচনে ভোট প্রদান ও নির্বাচনে অংশ গ্রহণের যোগ্যতা হারাইবেন।
- ২। একই সমিতি হইতে একাধিক প্রতিনিধি প্রেরণ করা যাইবে না। একাধিক প্রতিনিধি প্রেরণ করা হইলে উভয় প্রতিনিধি পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। সভাপতি/সহসভাপতি/সদস্য পদে প্রতিদ্বন্দ্বীতাকারীকে সমবায় সমিতি আইন/২০০১, সংশোধিত আইন/২০০২ ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ মোতাবেক যোগ্যতা থাকিতে হইবে।
- ৪। সদস্যের পরিচয় পত্র ও পরিচয় পত্রে সংযোজিত ছবি সভাপতি/ম্যানেজার ও সংশ্লিষ্ট এলাকা পরিদর্শক কর্তৃক যৌথভাবে সত্যায়িত থাকিতে হইবে এবং উপজেলা সমবায় অফিসার, মুক্তাগাছা কর্তৃক প্রতিস্বাক্ষরিত থাকিতে হইবে।

সংযুক্ত:

- ১। খসড়া ভোটার তালিকা- ১(এক)প্রস্থ।
- ২। প্রতিনিধি পরিচয় পত্রের নমুনা- ১(এক)প্রস্থ।
- ৩। প্রতিনিধি প্রেরণের সিদ্ধান্তের নমুনা- ১(এক)প্রস্থ।



(মোঃ নজরুল ইসলাম)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও
সচিব

মুক্তাগাছা ইউসিসিএ লিঃ
মুক্তাগাছা, ময়মনসিংহ।

মোবাইল নম্বর-০১৭১৮৩৫৩৬৭৩

তারিখ-০১-১২-২০১৯খ্রিঃ।

স্মারকনং-৪৭.৬২.৬১৬৫.১০০.২৮.০১৫.১৯.৩২৬

সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১। সভাপতি/ম্যানেজার-----কৃষক সমবায় সমিতি লিঃ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ২। কর্মকর্তা/কর্মচারী (সকল), বিআরডিবি/ইউসিসিএ লিঃ, মুক্তাগাছা, ময়মনসিংহ। তাকে উল্লেখিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত নির্বাচনে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ জানানো হইল।
- ৩। সভাপতি, মুক্তাগাছা ইউসিসিএ লিঃ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা সমবায় অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুক্তাগাছা থানা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৮। জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ।
- ৯। উপপরিচালক, বিআরডিবি, ময়মনসিংহ।
- ১০। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ১১। অফিস কপি।



উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সচিব

মুক্তাগাছা ইউসিসিএ লিঃ
মুক্তাগাছা, ময়মনসিংহ।